



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪১০

তারিখ: ০৩/১২/২০২৩ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

কুবি হলসমূহ পরিদর্শন করেন মাননীয় উপাচার্য

ভূমিকম্প পরবর্তী অবস্থা পর্যবেক্ষণের জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও অন্যান্য প্রকৌশলীদের সাথে নিয়ে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল, কাজী নজরুল ইসলাম হল এবং নওয়াব ফয়জুন্নেছা চৌধুরাণী হল পরিদর্শন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড: এ এফ এম আবদুল মঈন। আজ রবিবার (৩ ডিসেম্বর) সকাল ৮টায় তিনি উক্ত হলসমূহ পরিদর্শন করেন।

প্রকৌশলীদের প্রাথমিক পর্যবেক্ষণে কয়েকটি দেয়ালে সামান্য ক্ষয়ক্ষতি ছাড়া ভবনগুলোর কোনো কাঠামোগত ক্ষতি হয়নি বলে অভিমত ব্যক্ত করেন। মাননীয় উপাচার্য এই সময় উপস্থিত শিক্ষার্থীদের সাথে কথা বলেন এবং তাদের খোঁজ খবর নেন।

মাননীয় উপাচার্য শিক্ষার্থীদের সর্বোচ্চ নিরাপত্তার কথা বিবেচনায় নিয়ে প্রকৌশলীদের প্রাথমিক মতামতের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় বহিঃস্থ অভিজ্ঞ প্রকৌশলীদের সমন্বয়ে অতি দ্রুত একটি তদন্ত কমিটি গঠন করা হবে এবং ভবনগুলোর অধিকতর যাচাই করা হবে বলে জানান।

তিনি এ ব্যাপারে কুমিল্লার জেলা প্রশাসকসহ সরকারি প্রশাসনের সাথে যোগাযোগ করেছেন এবং এই ব্যাপারে প্রশাসনের নিকট থেকে সর্বোচ্চ সহায়তার আশ্বাস পেয়েছেন।

(মোহাম্মদ এমদাদুল হক)  
জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা-৩৫০৬

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি